

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩০০১

১৯/ হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/৪৯. যে ব্যক্তি বাইতুল মুকাদ্দাস থেকে উমরার উদ্দেশ্যে ইহরাম বাঁধে

بَابِ مَنْ أَهَلَّ بِعُمْرَةِ مِنْ بَيْتِ الْمَقْدِسِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدُ الْأَعْلَى بْنُ عَبْدِ الْأَعْلَى، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ،
حَدَّثَنِي سُلَيْمَانُ بْنُ سُحَيْمٍ، عَنْ أُمِّ حَكِيمٍ بِنْتِ أُمَّيَّةَ، عَنْ أُمِّ سَلَمَةَ، أَنَّ رَسُولَ اللَّهِ -
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - قَالَ " مَنْ أَهَلَّ بِعُمْرَةِ مِنْ بَيْتِ الْمَقْدِسِ غُفرَانَهُ " .

বাংলা

৩০০১/১। উম্মু সালামা (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে ব্যক্তি বাইতুল মাকদিস থেকে উমরার উদ্দেশ্যে ইহরাম বাঁধে, তাকে ক্ষমা করা হয়।

English

It was narrated from Umm Salamah that the Messenger of Allah (ﷺ) said:
“Whoever begins the Talbiyah for ‘Umrah from Baitul-Maqdis, will be forgiven.”

ফুটনোট

আবু দাউদ ১৭৪১, মিশকাত ৩৫৩২, যাইফাহ ২১১, আত-তালীকুর রাগীব ২/১১৯, ১২০।

তাহকীক আলবানীঃ যাইফ। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন ইসহাক সম্পর্কে ইয়াহইয়া বিন মাঝিন ও আজালী বলেন, তিনি সিকাহ। আহমাদ বিন হাস্বল বলেন, তিনি হাসানুল হাদিস। আলী ইবনুল মাদিনী বলেন, তিনি সালিহ। সুলায়মান বিন তারখান ও সুলায়মান বিন মিহরান বলেন, তিনি মিথ্যুক। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি আমার নিকট হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। (তাহফীবুল কামালঃ রাবী নং ৫০৫৭, ২৪/৮০৫ নং পৃষ্ঠা) ২. উম্মু হাকীম বিনতু উমায়্যাহ সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাকবুলাহ। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ। তিনি সানাদ ও মাতানে ইদতিরাব করতেন। (তাহফীবুল কামালঃ

রাবী নং ৭৮২০, ৩৫/১৫৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যদ্বিক্ষিণ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=43965>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন